আপনার এলাকায় 3G নেটওয়ার্ক নেই ! তবুও আপনি 3G নেট চালাতে পারবেন ।

যারা নিজের এলাকায় দুর্বল সিগনালের কারণে কিংবা একেবারেই কোন নেটওয়ার্ক না থাকার কারণে 3G ব্যবহারের সুযোগ পাচ্ছেন না তাঁরা এই পদ্ধতিটি ব্যবহার করে সহজেই থ্রিজি ইন্টারেনট ব্যবহার করতে পারেন।

নেই তবে নেটওয়ার্ক আপনার এলাকার ১৫/২০কিলোমিটার এর বেশি দুরে থেকে থাকে তবে আপনার চেষ্টা না করাই ভাল।

বিশেষ দ্রষ্টব্য :

খারাপ আবহাওয়াতে ব্যবহার না করাই ভাল ।

নিচের ছবির সরঞ্জাম গুলি সংগ্রহ করুন

১. একটি মডেম ।






২. একটি ১০ মিটার USB ক্যাবল দাম ১০০ থেকে ৩০০ টাকা ।



৩. একটি পাতিলের ঢাকনা










3G এন্টেনা তৈরী করার নিয়ম

এবার অ্যালুমিনিয়ামের ঢাকনার ঠিক মাঝ খানে মডেমের ইউএসবির মাপে ছিদ্র করুন, তারপর উপরের অংশ দিয়ে ছিদ্রের মধ্যে আপনার মডেম ঢুকান ও নিচের প্রান্তে থেকে ইউএসবি ক্যাবল সংযুক্ত করুন ।



৪. একটি এন্টেনা,পুরোনো এন্টেনা যোগার করে নিন,নয়তো কিনে নিন । ৩০০ টাকা লাগবে





এন্টেনার সাথে ঢাকনা যুক্ত করে নিন ।



তৈরি হয়ে গেলো 3G এন্টেনা এবার আপনার বাসার ছাদে বা খোলা জায়গার উচুস্থানে আপনার তৈরি এন্টেনা মাটি থেকে ৫ ফুট উচ্চতায় ফাকা যায়গায় স্থাপন করুন । আর ইউএসবি ক্যাবলের অপর অংশ আপনার পিসি বা ল্যাপটপের সাথে সংযুক্ত করুন। আপনার সিম 3G একটিভ করা না থাকলে করে নিন এবং যেকোনো একটি থ্রিজি প্যাকেজ চালু করে নিবেন ।

3G এন্টেনা তৈরি করার দ্বিতীয় পদ্ধতি

১. এলুমিনিয়ামের ফুয়েল পেপার (এটি যেকোনো বড় মুদি দোকানে পাবেন অথবা ঢাকার গুলিস্তানের কাপ্তান বাজার পাবেন)



২. এলুমিনিয়াম এর একটি লম্বা এন্টেনা (এটি পুরোনো রেডিওতে পাবেন অথবা ভাঙ্গারি দোকানে ১০-১৫ টাকায় কিনে নিতে পারেন)



প্রথমে এলুমিনিয়াম এর ঢাকনাটিকে ফুয়েল পেপারের উলটা পাশ দিয়ে চিত্রের মত করে মুরিয়ে নিন । তারপর এলুমিনিয়াম এর ঢাকনার ঠিক মাঝ খানে মডেমের লাইনটি বাহিরে বের করার জন্য পরিমান মত ছিদ্র করুন ।





এবার রেডিওর এন্টেনা টির সাথে মডেমটি সুতা বা রাবার দিয়ে একসাথে জড়ো করুন ।



যতটুকু সম্ভব উপরে একটি বাশের সাথে বেধে সেট করেন··· ব্যাস হয়ে গেলে আপনার

3G এন্টেনা··· এভাবে ২০ -২২ কি.মি. দূর থেকে 3G নেটওয়ার্ক পাওয়া যায় ।

3G এন্টেনা তৈরী করার তৃতীয় পদ্ধতি

এটা তৈরী করতে যা প্রয়োজন

১. গোলাকৃতির অ্যালুমিনিয়ামের ৩০০ মিমি একটি বাটি/ছাকনি।

২. 3G সাপোর্ট করে এমন একটি ইউএসবি মডেম

৩. ১০ মিটার লম্বা ইউএসবি ক্যাবল (কম্পিউটারের দোকানে পাবেন, ক্যবলটি কত বড় হতে হবে তা নির্ভর করছে আপনার বাড়ির ছাদ থেকে আপনার কম্পিউটারটি যেখানে ব্যবহার করবেন তার দূরত্বের উপর।)

৪. অ্যালুমিনিয়াম ফয়েল

৫.একটি সার্কিট ডায়াগ্রাম (DC 12V, 1/2W SMPS বা নিয়ন্ত্রিত বিদ্যুৎ সাপ্লাই বা ব্যাটারি আপনার ইচ্ছামত ব্যবহার করতে পারেন ।



3G এন্টেনা তৈরী করার নিয়ম

উপরোক্ত পদ্ধতিতে যদি আপনার এলাকায় থ্রিজির নেটওয়ার্ক না আসে তবে, অ্যালুমিনিয়ামের যে বাটি/ছাকনি নিয়েছিলেন তা নিচের মত করে পেঁচিয়ে নিন ।





এবার গোলাকৃতির অ্যালুমিনিয়ামের ঠিক মাঝ খানে মডেমের ইউএসবির মাপে ছিদ্র করুন, তারপর উপরের অংশ দিয়ে ছিদ্রের মধ্যে আপনার মডেম ঢুকান ও নিচের প্রান্তে থেকে ইউএসবি ক্যাবল সংযুক্ত করুন।



আপনি যদি ১০ মিটারের বেশি ক্যাবল ব্যবহার করে থাকেন তবে হয়তো মডেমের সাথে পিসির সংযোগ নাও পেতে পারেন এজন্য নিচের চিত্রের মত একটি সার্কিট আপনার মডেমের সাথে স্ক্রু দিয়ে লাগিয়ে দিন।

(সার্কিট ডায়াগ্রামের সম্পূর্ণ বিষয় চিত্রের মাধ্যমে বুঝানো হয়েছে)







DC 12V, 1/2W SMPS না পেলে একটি নকিয়া বা স্যামসাং এর অরজিনাল চার্জার ব্যবহার করতে পারেন।

USB ক্যাবল এর মাথা কেটে USB এর পজেটিভের সাথে চার্জার এর পজেটিভ এবং USB নেগেটিভের সাথে চার্জারের নেগেটিভ মিলাতে হবে। দুইটারই আউটপোর্ট ৫ভোল্ট।

না বুঝলে কোন ভাল অভিজ্ঞ মোবাইল বা ইলেক্ট্রিক মিস্ত্রীর সহযোগীতা নিন ।

অ্যালুমিনিয়াম ফয়েল পেপারের কাজ:

উপরোক্ত পদ্ধতিতে যদি আপনার এলাকায় থ্রিজির নেটওয়ার্ক না আসে তবে,অ্যালুমিনিয়ামের যে বাটি নিয়েছিলেন তাতে অ্যালুমিনিয়ামের ফয়েল দিয়ে পেচিয়ে নিন এবং এন্টেনার মত একটি উপরে টানিয়ে দেন তাহলে নেটওয়ার্ক এসে যাবে ।



আপনার বাসার ছাদে বা খোলা জায়গার উচুস্থানে মাটি থেকে ৫ ফুট উচ্চতায় ফাকা যায়গায় আপনার তৈরি এন্টেনা স্থাপন করে দিন। আর ইউএসবি ক্যাবলের অপর অংশ আপনার পিসি বা ল্যাপটপের সাথে সংযুক্ত করুন।

আপনার সিম 3G একটিভ করা না থাকলে করে নিন এবং যেকোনো একটি থ্রিজি প্যাকেজ চালু করে নিবেন ।

এবার ওয়ারলেস Technology দিয়ে পিসি, স্মার্টফোন এবং ল্যাপটপ ব্যবহার এ চালাতে পারবেন ।

এর জন্য আপনি TP Link অথবা যেকোন একটি USB Router নিন । বিভিন্ন মডেল ভেদে দাম ২৫০০ টাকা থেক ৪০০০ টাকার মত ।

Wireless Technology ব্যবহার করার নিয়ম :

আপনার মডেম থেকে ইউএসবি ক্যাবল টি সোজা Router এর ইউএসবি পোর্ট এ গিয়ে ঢুকবে এবং ঐ Router দিয়ে ওয়াইফাই ব্যবহার করা যাবে এটাই মুল কথা ।




Router কনফিগার করা অনেক সহজ এবং TL-MR3040 মডেল এর সাথে ব্যাটারি থাকায় আপনি দীর্ঘ সময় কারেন্ট ছাড়া ব্যাবহার করতে পারবেন।

রাউটার সেটআপ করার পদ্ধতি :

১. প্রথমে Router এর LAN পোর্ট এর সাথে আপনার পিসি বা ল্যাপটপের LAN পোর্ট এর সাথে লাগিয়ে নিন ।


আর যদি আপনার Wireless Router হয় তাহলে রাউটারে আপনার Broadband Cable টি WAN Port এ সংযুক্ত করুন এবং পাওয়ার অন করুন । নিচের চিত্রের মত ক্যাবল লাগিয়ে নিন ।




২. সেটআপের জন্য প্রথমে ওয়েব ব্রাউজার চালু করতে হবে । এরপর রাউটারের পিছনে থাকা অ্যাড্রেসটি দিয়ে ওয়েব ব্রাউজারে প্রবেশ করতে হবে। সাধারনত বেশির ভাগ রাউটারে ১৯২.১৬৮.০.১ এই ডিফল্টভাবে দেওয়া থাকে। এই আইপি ঠিকানায় প্রবেশ করলে ইউজার নেইম এবং পাসওয়ার্ড জানতে চাইবে । তখন রাউটারের পিছনে থাকা কিংবা ইউজার ম্যানুয়ালে থাকা ইউজার নেইম ও পাসওয়ার্ড দিয়ে অ্যাডমিন প্যানেল প্রবেশ করতে হবে। বেশিরভাগ ক্ষেত্রেই রাউটারের ডিফল্ট ইউজার নেইম ও পাসওয়ার্ড উভয়ই admin থাকে ।




২. অ্যাডমিন প্যানেলে প্রবেশ করার পর ‘Quick Setup’ মেনুতে যেতে হবে। সেখানে থেকে next এ ক্লিক করে পরবর্তী ধাপে যেতে হবে ।




৩. 'Internet access' অপশন থেকে প্রয়োজন অনুযায়ী অপশনটি বাছাই করে next এ ক্লিক করতে হবে।




৪. এরপর "set the dial number.apn.username and password manually' অপশনটি টিক চিহ্ন দিতে হবে। তারপর আপনার ব্রডব্র্যান্ড সংযোগটির ডায়াল আপ ইউজার নেইম এবং পাসওয়ার্ড দিতে হবে। তারপর next ক্লিক করতে হবে।



তবে ডায়াল আপের পরিবর্তে সংযোগটি আইপি ও ম্যাক নির্ভর হলে আইপির ঘরে আপনার আইএসপির দেওয়া আইপি, গেটওয়ে ও প্রয়োজনে ম্যাক অ্যাড্রেস দিয়ে next করতে হবে।



৫. এরপর সংযোগ তৈরি হতে কিছু সময় নেবে। সফলভাবে সংযোগ সম্পূর্ণ হলে রাউজারের ওয়াইফাই এর জন্য নেটওয়ার্ক নেইম এবং পাসওয়ার্ড দেওয়ার অপশন আসবে। সেখানে 'wireless network name' অপশনটিতে ওয়াই-ফাই সংযোগের নাম ও পাসওয়ার্ড দিতে হবে।



এভাবেই আপনার রাউটার কনফিগার করতে পারবেন।